S-H-Y-P-S York and Scarborough Teaching Hospitals NHS Foundation Trust
Scarborough, Hull and York Pathology Service

# ইয়র্ক হাসপাতালে [YORK HOSPITAL] প্রজনন ক্ষমতা বিশ্লেষণের জন্য বীর্যের নমুনা সংগ্রহ করার বিষয়ে তথ্য

**প্রজনন ক্ষমতা বিশ্লেষণের জন্য সব নমুনা সরাসরি ইয়র্ক হাসপাতালে [York Hospital] নিয়ে যেতে হবে। স্কারবোরো হাসপাতালে [Scarborough Hospital] বীর্য পরীক্ষা করার জন্য কোন পরীক্ষাগার নেই।**

**বিশেষ দ্রষ্টব্যঃ** বীর্যের প্রজনন ক্ষমতা বিশ্লেষণের জন্য নমুনা গ্রহণের কঠোর নির্দেশিকা রয়েছে। এই নির্দেশিকাগুলো বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর নির্দেশনা (WHO ২০২১) অনুসরণ করার জন্য, যা আইএসও [ISO]-এর মানদণ্ড 15189- এর বিপরীতে ইউকেএএস [UKAS]স্বীকৃতির জন্য প্রয়োজনীয়, এবং ফলাফলে যে কোনও অনিশ্চয়তা কমাতে সহায়ক হবে।

**<u>এই শীটে দেওয়া নির্দেশাবলী মানা না হলে নমুনা প্রক্রিয়া করা হবে না।</u>**
**আপনার নমুনা [বীর্য] বের করার আগে দয়া করে সতর্কতার সাথে এই নির্দেশিকাটি পড়ুন।**

## <u>বীর্যের নমুনা জমা দিতে অথবা নমুনা বের করার রুম ব্যবহার করতে বুকিং</u>

আপনি বাসায় আপনার নমুনা বের করতে চান, নাকি এজন্য সাইটের নির্ধারিত রুম ব্যবহার করতে চান, তা নিশ্চিত করতে **আপনাকে অবশ্যই একটি অ্যাপয়েন্টমেন্ট** বুক করতে হবে। অনুগ্রহ করে নিচের ওয়েবসাইটটি ভিজিট করুন। এই ওয়েবসাইটে আপনি অ্যাপয়েন্টমেন্টের সব প্রাপ্তব্য সময় দেখতে পাবেন:

https://www.yorkhospitals.nhs.uk/andrology/

কমপক্ষে ২ দিন আগে বুকিং করতে হবে। ব্যাংক হলিডে বাদে শুধুমাত্র সোমবার থেকে শুক্রবার পর্যন্ত অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যায়। অনুগ্রহ করে নিশ্চিত করুন যে প্রয়োজনীয় সঠিক অ্যাপয়েন্টমেন্ট বুক করা হয়েছে, কারণ আমরা পরিবর্তনসমূহ সমন্বয় নাও করতে পারি।

**অ্যাপয়েন্টমেন্ট ছাড়া নমুনা প্রক্রিয়া করা হবে না।**

বীর্যের নমুনার পাত্র, অনুরোধের ফর্ম এবং সংজ্ঞা/পরিভাষা সম্পর্কিত সব তথ্য বুকিং ওয়েবসাইটে পাওয়া যাবে। বারবার জিজ্ঞাসিত প্রশ্নাবলীও [FAQs] সেখানে পাওয়া যাবে।

আপনি যখন আপনার অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হবেন, তখন **অনুগ্রহ করে** হাসপাতালের প্রধান প্রবেশপথের **<u>বাইরে</u> অপেক্ষা করুন এবং আপনার অ্যাপয়েন্টমেন্টের** সময় 01904 726258 নম্বরে ল্যাবরেটরিতে ফোন করুন - আপনার অ্যাপয়েন্টমেন্টের জন্য আমন্ত্রণ পাওয়ার আগে/নমুনা রিসেপশনে আপনার নমুনা রেখে যাওয়ার আগে বাইরে আপনার ফোনের সংকেত আরও ভালো থাকবে এবং আপনার বিবরণ নিয়ে কথা বলার জন্য সেখানে আরও গোপনীয়তা থাকবে।

## <u>নমুনা সরবরাহ</u>

বাসায় বের করে আনা নমুনা **<u>অবশ্যই ৪৫ মিনিটের</u>** মধ্যে ল্যাবরেটরিতে **আগে থেকে বুক** করে রাখা ডেলিভারি দেওয়া সময়ে জমা দিতে হবে। নমুনা সংগ্রহের **এক ঘণ্টার মধ্যে অবশ্যই** প্রক্রিয়া করতে

রেফারেন্সঃ

মানব বীর্য পরীক্ষা ও প্রক্রিয়াকরণের জন্য WHO-এর ল্যাবরেটরি ম্যানুয়াল, ষষ্ঠ সংস্করণ, 2021.



বিনামূল্যে ছাপানো যাবে

হবে। আপনার জন্য নির্ধারিত সময়ের বাইরে অ্যাপয়েন্টমেন্টে এসে পৌঁছালে আপনার নমুনা প্রত্যাখ্যান করার ঝুঁকি থাকবে (অ্যাপয়েন্টমেন্টে আগে পৌঁছানো সহ)।

## নমুনা বের করার রুম

আপনি যদি বাসা থেকে বের করে আনা নমুনা ৪৫ মিনিটের মধ্যে সরবরাহ করতে না পারেন, তাহলে ওয়েবসাইট ব্যবহার করে হাসপাতালের অভ্যন্তরে নমুনা বের করে আনার নির্ধারিত রুম আগে থেকে **বুক করতে পারবেন (রুম পাওয়া যাওয়া সাপেক্ষে)**। আপনার অ্যাপয়েন্টমেন্টে আসার আগে অন-সাইট সুবিধাটি বুক করতে হবে; ভুল অ্যাপয়েন্টমেন্ট বুক করা হলে সুবিধাটি ব্যবহারের জন্য উপলব্ধ নাও হতে পারে।

## নমুনার প্রয়োজনীয়তাঃ

- নমুনা সরবরাহ করার সাথে **আপনার** চিকিৎসক/জিপির কাছ থেকে **সংগ্রহকৃত অনুরোধের** ফর্মটি **অবশ্যই** পূরণ করা থাকতে হবে। অনুগ্রহ করে **অনুরোধকারী চিকিৎসক/জিপি প্র্যাকটিসের বিবরণ** - নাম ও স্থান - নিশ্চিত করে স্পষ্টভাবে লিখবেন। মাঝে মাঝে, ঐ অনুরোধ আপনার জীবন সঙ্গীর স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাক্তার/হাসপাতালের কনসালটেন্টের কাছ থেকে আসতে পারে; অন্যথায় এই অনুরোধটি আপনার নিজের ডাক্তারের কাছ থেকে আসতে হবে।
- বের করে আনা নমুনা **অবশ্যই** প্রদত্ত **বিষাক্ততা-পরীক্ষিত নমুনা পাত্রে** ভরে দিতে হবে (নীচে দেখানো হয়েছে)। দয়া করে পাত্রটিকে কোনও তাপ উৎসের কাছে রাখবেন না, যা প্লাস্টিককে শুক্রাণুর জন্য বিষাক্ত করে তুলতে পারে। **ভুল পাত্রে নমুনা দেওয়া হলে, তা গ্রহণ করা হবে না।**




- নমুনা বের করারআগে আপনাকেকমপক্ষে ৪৮ ঘন্টা এবং সর্বোচ্চ ৭ দিন বীর্যপাত করা থেকে বিরত থাকতে হবে। বীর্যপাত করা থেকে বিরত থাকার সময়কাল যদি এই সময়ের বাইরে হয়, **তাহলে নমুনা গ্রহণ করা হবে না।**
- **নমুনা সংগ্রহের সময় কনডম, কয়েটাস ইন্টারাপ্টাস বা লুব্রিক্যান্ট** ব্যবহার করবেন না, কারণ *কোনও* দূষণ শুক্রাণুর ক্ষতি করতে পারে। হস্তমৈথুনের মাধ্যমে বের করে আনা নমুনা সরাসরি পাত্রে সংগ্রহ করতে হবে।
- ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করে হস্তমৈথুনের মাধ্যমে বের আনা **সম্পূর্ণ নমুনা** সরাসরি প্রদত্ত পাত্রে ঢুকিয়ে দিতে হবে। ল্যাবরেটরির স্টাফ আপনাকে সব পুরোপুরি দিয়েছেন কিনা, তা

নিশ্চিত করতে বলবেন। কারণ নমুনার প্রথম অংশ বীর্য-সমৃদ্ধ থাকে, **তাই অসম্পূর্ণ নমুনা অনির্ভরযোগ্য ফলাফল প্রদান করবে, তাই এই নমুনা প্রক্রিয়া করা যাবে না।**

- আপনাকে **অবশ্যই নমুনাটি শরীরের তাপমাত্রার সমান উষ্ণ রাখতে হবে,** যেমন, আপনার শরীরের কাছাকাছি একটি পকেটে রেখে। বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাকে বলা হবে। (রুম বুকিং করা রোগীর ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়)
- **অনুগ্রহ করে অনুরোধের ফর্মে নমুনা সংগ্রহ করার সময় ও তারিখ লিখুন।**
- অনুরোধ ফর্ম ও নমুনা পাত্র - এই উভয় ক্ষেত্রেই আপনার বিস্তারিত বিবরণ সম্পূর্ণরূপে পূরণ করা হয়েছে কিনা, তা নিশ্চিত করুন। অনুরোধ ফর্ম ও নমুনা পাত্রে লিখার প্রয়োজনীয় তথ্য হলো - আপনার **প্রথম নাম, পদবি এবং জন্ম তারিখ।** অনুরোধের ফর্মে আপনার **ঠিকানা** ও **এনএইচএস [NHS] নম্বর** উল্লেখ থাকার কথা (যেখানে সম্ভব)।
- **বিশেষ দ্রষ্টব্যঃ** কোন নমুনা অবশিষ্ট থাকলে, তা প্রশিক্ষণ ও গুনগত মান বাড়ানোর উদ্দেশ্যে ব্যবহারের জন্য আপনি সম্মতি দিবেন কিনা, তা আপনাকে জিজ্ঞাসা করা হবে। অবশিষ্ট নমুনা বেনামী থাকবে এবং তা কেবল নতুন স্টাফদের প্রশিক্ষণ দিতে ও আইএসও [ISO]-এর মান অনুসরণ করার জন্য ব্যবহার করা হবে।

## গন্তব্যে পৌঁছার পথনির্দেশনা

হাসপাতালে আসার পথ চিনার জন্য, অনুগ্রহ করে স্যাটেলাইট নেভিগেশন সিস্টেমে/ফোনের ম্যাপে ইয়র্ক হাসপাতাল [York Hospital] অথবা YO31 8HE টাইপ করে ব্যবহার করুন।

বহুতল গাড়ি পার্কে ১৫ মিনিট পর্যন্ত বিনামূল্যে পার্কিংয়ের ব্যবস্থা রয়েছে। এছাড়া হাসপাতালের সামনে চারটি "ড্রপ অফ [Drop off]" পয়েন্ট রয়েছে। এই ড্রপ অফ পয়েন্ট যদি খালি পাওয়া যায়, তবে এখানে ২০ মিনিট পর্যন্ত বিনামূল্যে গাড়ি রাখা যায়। হাসপাতালের ওয়েবসাইটে গাড়ি পার্কিংয়ের ব্যবস্থা সম্পর্কে তথ্য পাওয়া যাবেঃ ইয়র্ক অ্যান্ড স্কারবোরো টিচিং হসপিটালস এনএইচএস ফাউন্ডেশন ট্রাস্ট [York and Scarborough Teaching Hospitals NHS Foundation Trust] - হাসপাতালে আসার পথ-নির্দেশনা এই ওয়েবসাইটে পাবেনঃ (york hospitals.nhs.uk)

*নমুনা জমা দেওয়ার জন্য আসার ক্ষেত্রে যদি আপনার ট্র্যাফিকের সমস্যা হয় বা পার্কিং সমস্যা হয়, তাহলে অনুগ্রহ করে 01904 726258 নম্বরে ল্যাবে ফোন করুন, প্রয়োজন হলে আমরা আপনার অ্যাপয়েন্টমেন্ট সম্পর্কে পরামর্শ দিতে পারবো অথবা আপনার অ্যাপয়েন্টমেন্ট পুনর্বিন্যাস করতে পারবো।*

প্রধান প্রবেশপথের ঠিক বাইরে প্রতিবন্ধীদের জন্য পার্কিংয়ের স্থান [ডিজেইবল পার্কিং] পাওয়া যাবে। এগুলো শুধুমাত্র প্রতিবন্ধী ব্যাজধারীদের জন্য। বহুতল ভবনের ভেতরে পার্কিং করার স্থানে প্রতিবন্ধী ব্যাজধারীদের জন্য বিনামূল্যে পার্কিংয়ের ব্যবস্থা রয়েছে।

রেফারেন্সঃ

মানব বীর্য পরীক্ষা ও প্রক্রিয়াকরণের জন্য WHO-এর ল্যাবরেটরি ম্যানুয়াল, ষষ্ঠ সংস্করণ, 2021.

## ল্যাবরেটরির সাথে যোগাযোগ

আপনার যদি অনলাইনে বুকিং করতে সমস্যা হয়, তাহলে অনুগ্রহ করে 01904 726258 নম্বরে ল্যাবে ফোন করুন। দয়া করে মনে রাখবেন যে, এটি ল্যাবরেটরির সরাসরি লাইন; ব্যস্ত সময়ে আমরা হয়তো টেলিফোনে অনুসন্ধানের সমাধান করতে পারব না, কারণ আমাদের ফোন লাইন ব্যবস্থাপনার জন্য কোন প্রশাসনিক স্টাফ নেই।

ব্যাংক হলিডে ছাড়া সোমবার থেকে শুক্রবার 08:30 – 17:00 টা পর্যন্ত ফোন লাইন ব্যবস্থাপনায় স্টাফ থাকেন।

রেফারেন্সঃ

মানব বীর্য পরীক্ষা ও প্রক্রিয়াকরণের জন্য WHO-এর ল্যাবরেটরি ম্যানুয়াল, ষষ্ঠ সংস্করণ, 2021.



বিনামূল্যে ছাপানো যাবে